

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স - ৪৯১(আগরতলা, ১৮।৫)

বিশ্রামগঞ্জ, ১৮ মে ২০১৭

### সিপাহীজলা জেলা ভিত্তিক স্কিল মেলা অনুষ্ঠিত

বিশ্রামগঞ্জ মাল্টিপারপাস হল প্রাঙ্গণে গত ১৬ মে সিপাহীজলা জেলা ভিত্তিক স্কিল মেলা - ২০১৭ অনুষ্ঠিত হয়। ডাইরেক্টরেট অব স্কিল ডেভেলপমেন্ট, ত্রিপুরা স্কিল ডেভেলপমেন্ট মিশন এবং জেলা প্রশাসনের যৌথ উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক নারায়ণ চৌধুরী। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক রমেন্দ্র নারায়ণ দেববর্মা, সিপাহীজলা জিলা পরিষদের সহকারী সভাপতি কমল রাণী শীল, ত্রিপুরা স্কিল ডেভেলপমেন্ট মিশনের উপদেষ্টা কমিটির চেয়ারম্যান ড. এস কে পান্ডা, টি আর এল এম এর আধিকারিক অরুণ রতন শর্মা, স্কিল ডেভেলপমেন্ট মিশনের অধিকর্তা এস প্রভু প্রমুখ। স্বাগত ভাষণ দেন জেলা শাসক প্রদীপ কুমার চক্রবর্তী এবং সভাপতিত্ব করেন জিলা পরিষদের সভাপতি ফকরউদ্দিন আহমেদ। উদ্বোধকের ভাষণে বিধায়ক নারায়ণ চৌধুরী রাজ্যের প্রতিটি জেলা, মহকুমা, ব্লক এবং পঞ্চায়েত স্তরে দক্ষতার উন্নয়নে গুরুত্বারোপ করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিধায়ক রমেন্দ্র নারায়ণ দেববর্মা সহ অন্যান্য অতিথিগণ। মেলায় বিভিন্ন দপ্তর এবং এজেন্সী থেকে ১৪টি ষ্টল খোলা হয়। ঐদিন বিভিন্ন এজেন্সী এবং বেকার যুবক যুবতীদের মধ্যে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়।

\*\*\*\*\*

This document is a product of SmartPDFConverter.com. To remove this message, please purchase the full version of SmartPDFConverter.com.